

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭
Web site: www.doict.gov.bd, Fax:+88-025500682

স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০১.০১৮.০০১.১৫-৪৬৭৭

তারিখ: ০৭/১১/২০১৭ইং

বিষয়: শেখ রাসেল ডিজিটাল ল্যাবে ভাষা প্রশিক্ষণ সফটওয়্যারের ওপর প্রশিক্ষণের জন্য শিক্ষক/ আইসিটি প্রশিক্ষক মনোনয়ন চূড়ান্তকরণ প্রসঙ্গে।

আপনি অবগত আছেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অধীন সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের মাধ্যমে ২০১৫-১৬ অর্থ বছরে ২০০১টি এবং ২০১৬-১৭ অর্থ বছরে ৮০০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপিত হয়েছে। ২০১৫-১৬ অর্থ বছরে স্থাপিত ২০০১টি ল্যাবের মধ্যে জেলা সদরে একটি করে সর্বমোট ৬৫টি ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপিত হয়েছে। বিগত ২০১৬-১৭ অর্থ বছরে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ (সিএসই), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ভাষা প্রশিক্ষণ সফটওয়্যার তৈরি করেছে। ইতোমধ্যে ৬৫টি ভাষা প্রশিক্ষণ ল্যাবের ৬৫ জন শিক্ষক/ আইসিটি প্রশিক্ষককে বিগত ১৯-২০ অক্টোবর/২০১৭ইং তারিখে সিএসই বিভাগ, বুয়েটে ০২ দিনব্যাপী ওরিয়েন্টেশন প্রশিক্ষণ প্রদান সম্পন্ন হয়েছে। আগামী ডিসেম্বর/১৭-জানুয়ারি/১৮ মাসে এসব ল্যাবে ৯টি ভাষায় (ইংরেজি, আরবি, কোরিয়ান, চাইনিজ, জাপানিজ, রাশিয়ান, স্পেনিস, ফরাসি, জার্মান) 'ভাষা প্রশিক্ষণ সফটওয়্যার'এর মাধ্যমে একমাস (০৪ সপ্তাহ) ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে।

উক্ত প্রশিক্ষণের মনোনয়ন বিভাজন নিম্নরূপঃ

১. ভাষা প্রশিক্ষণ ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান হতে ০৪ (চার) জন শিক্ষক।
২. জেলার ভাষা প্রশিক্ষণ ল্যাবের নিকটবর্তী ল্যাবসমূহ হতে ১০ জন শিক্ষক (এক প্রতিষ্ঠান হতে একাধিক শিক্ষক মনোনয়ন প্রদান করা যাবে)।
৩. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (জেলা সদরসহ পার্শ্ববর্তী উপজেলার) ০২ জন।


অর্থাৎ প্রতিটি ল্যাবের বিপরীতে ১৬ (ষোল) জন প্রশিক্ষণার্থী হিসাবে-৬৪x১৬=১০২৪ জন প্রশিক্ষণার্থী ০৪ (চার) সপ্তাহব্যাপী এ প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন। কক্সবাজার জেলায় ০২টি ভাষা প্রশিক্ষণ ল্যাবে (সৈকত বালিকা উচ্চ বিদ্যালয় ও মহেশখালী আইল্যান্ড হাই স্কুল) ০২ (দুই) জন সহকারী প্রোগ্রামারসহ ২+৭+৭=১৬ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন।

প্রশিক্ষণের সার-সংক্ষেপঃ

প্রশিক্ষণার্থী সংখ্যা	১০২৪ জন (শিক্ষক-৮৯৬, এপি-১২৮ জন)
প্রশিক্ষণ ভেন্যু	প্রতিটি জেলায় অবস্থিত ভাষা প্রশিক্ষণ ল্যাব (প্রতি জেলায় ০১টি)
প্রশিক্ষণ ব্যাপ্তি	০১ (এক) মাস (৪ সপ্তাহ)
সম্ভাব্য প্রশিক্ষণ কাল	ডিসেম্বর/১৭ ও জানুয়ারি/১৮ মাস
প্রশিক্ষণ প্রদানকারী সংস্থা	সিএসই বিভাগ, বুয়েট
প্রশিক্ষণ সমন্বয়কারী	জেলা প্রশাসক (৬৪টি জেলা)

এমতাবস্থায়, উপরোক্ত শর্তের আলোকে আপনার জেলায় স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব হতে ভাষা প্রশিক্ষণ সফটওয়্যারের ওপর প্রশিক্ষণ গ্রহণে উপযুক্ত ১৪ জন শিক্ষকের নামের তালিকা ইতোপূর্বে প্রেরিত নামের তালিকা (সংযুক্ত) হতে চূড়ান্তভাবে মনোনয়ন করে (বিকল্প নামসহ) তালিকা আগামী ২০/১১/২০১৭খ্রি: তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো। উল্লেখ্য প্রশিক্ষণকালে প্রত্যেক প্রশিক্ষণার্থী শিক্ষকগনকে নির্ধারিত হারে প্রশিক্ষণ ভাতাদি প্রদান করা হবে।

সংযুক্তি: ১। ইতোপূর্বে প্রেরিত নামের তালিকা-০১ পাতা।


(ড. মো: শাহিদাৎ হোসেন)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোন-০২-৫৫০০৬৮২৫

ই-মেইল: sheikhrusseldigitallab@gmail.com

জেলা প্রশাসক

ঢাকা/ফরিদপুর/গাজীপুর/গোপালগঞ্জ/মানিকগঞ্জ/মুন্সীগঞ্জ/নারায়নগঞ্জ/নরসিংদী/শরীয়তপুর/শেরপুর/ময়মনসিংহ/নেত্রকোণা/রাজবাড়ী/টাঙ্গাইল/জামালপুর/কিশোরগঞ্জ/মানসিংপুর/বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/চট্টগ্রাম/কক্সবাজার/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/ফেনী/চাঁদপুর/লক্ষ্মীপুর/নোয়াখালী/সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ/বাগেরহাট/চুয়াডাঙ্গা/খশোর/বিনাইদহ/খুলনা/কুষ্টিয়া/মাগুরা/মেহেরপুর/নড়াইল/সাতক্ষীরা/বরিশাল/ভোলা/বরগুনা/ঝালকাঠি/পিরোজপুর/পটুয়াখালী/বগুড়া/চাঁপাইনবাবগঞ্জ/জয়পুরহাট/নওগাঁ/নাটোর/পাবনা/রাজশাহী/সিরাজগঞ্জ/দিনাজপুর/গাইবান্ধা/কুড়িগ্রাম/লালমনিরহাট/নীলফামারী/পঞ্চগড়/রংপুর/ঠাকুরগাঁও।

অনুলিপি:

- ১) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (দৃষ্টি আকর্ষনে: সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-২)।
- ২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩) সহকারী প্রকল্প পরিচালক, সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প।
- ৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫) অফিস কপি।